

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**  
**হাইকোর্ট বিভাগ**  
**২০১২ইং সনের ৩(৮২) নং গঠনবিধি।**

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ৩০শে সেপ্টেম্বর, ২০১২ইং রোজ রবিবার  
বেলা ১০:৩০ মিনিট হইতে-

**১। বিচারপতি মোহাম্মদ আনোয়ার উল হক  
এবং**

**বিচারপতি এ.কে.এম. সাহিদুল হক**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী মোশন; শুনানীর জন্য প্রথম আপীল, প্রথম আপীল (প্রবেট), প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); ৪,০০,০০০ টাকার উর্ধ্বমানের প্রথম বিবিধ আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী রুল ও রিভিশন মোকদ্দমা; হাইকোর্ট রুলের ৯ অধ্যায়ের ১৪ রুল অনুযায়ী শুনানীর জন্য ৪,০০,০০০ টাকার উর্ধ্বমানের আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী রুল, দেওয়ানী রিভিশন মোকদ্দমা ও তৎসংক্রান্ত আবেদনপত্র হইতে উদ্ভৃত সকল লয়াজিমা বিষয়; ২০০১ ইং সনের ১নং আইনের (শালিশী আইন ২০০১) ৪৮(ক)খ এবং গ ধারা মোতাবেক আপীল; ইউনিয়ন পরিষদ, পৌরসভা (বিশেষ দায়িত্ব) অধ্যাদেশ, ১৯৯৯ ইং আদেশ নং-৬, ১৯৯১- এর অধীন আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারে ১১ রুল অনুযায়ী আপীলসমূহ এবং উপরোক্তিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র।

**২। বিচারপতি মীর হাশমত আলী**

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের ডিক্রি ও আদেশের বিরুদ্ধে অনুর্ধ্ব ৪,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ ডিক্রি ও আদেশের বিরুদ্ধে দেওয়ানী রিভিশন মোকদ্দমা এবং উপরোক্তিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ করিবেন।

**৩। বিচারপতি মুহাম্মদ আবদুল হাফিজ  
এবং**

**বিচারপতি মোঃ বদরুজ্জামান**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য ২০০৫ইং সন পর্যন্ত ফৌজদারী আপীল মঞ্চুরীর আবেদনপত্র; ফৌজদারী মঞ্চুরীকৃত আপীল ও সকল জেল আপীল, ফৌজদারী রিভিশন এবং ২০০৫ইং সন পর্যন্ত ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ এবং উপরোক্তিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ করিবেন।

**৪। বিচারপতি মোঃ আশফাকুল ইসলাম  
এবং**

**বিচারপতি মোঃ রহিস উদ্দিন**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, ভ্যাট ও কাস্টমস সংগ্রান্ত, দেউলিয়া বিষয়াদি ও অর্থক্ষণ আইন হইতে উদ্ভৃত রীট মোশন ও তৎসংগ্রান্ত শুনানী; ১৯৪০ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১ (ক) এবং ২৬ (খ),(গ),(ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালত অবমাননার অভিযোগত্ব; ১৯৯১ সনের ২২ নম্বর ধারা ৪২ সংশোধিত দফা (খ) এর ক্ষমতা বলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংক্রান্ত রীট এবং কাস্টমস আপীলসহ শুনানী এবং উপরোক্তিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ করিবেন।

**৫। বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী  
এবং**

**বিচারপতি মোঃ শওকত হোসেন**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য অগ্রাধিকার ভিত্তিতে ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য মৃত্যুদণ্ডদেশ কনফারমেশনের রেফারেন্স এবং একই রায় হইতে উদ্ভৃত সকল ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উদ্ভৃত ফৌজদারী আপীল ও জেল আপীল মঙ্গুরীর আবেদনপত্র এবং ফৌজদারী বিবিধ যদি থাকে; মঙ্গুরীকৃত ফৌজদারী আপীল এবং উপরোক্তিত বিষয়াদি সংক্রান্ত রূল ও আবেদনপত্র গ্রহণ করিবেন।

**৬। বিচারপতি মামনুন রহমান  
এবং**

**বিচারপতি মোঃ আবু জাফর সিদ্দিকী**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী মোশন; শুনানীর জন্য প্রথম আপীল, প্রথম আপীল (প্রবেট), প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); ৪,০০,০০০ টাকার উর্ধ্বমানের প্রথম বিবিধ আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী রূল ও রিভিশন মোকদ্দমা; হাইকোর্ট রূলের ৯ অধ্যায়ের ১৪ রূল অনুযায়ী শুনানীর জন্য ৪,০০,০০০ টাকার উর্ধ্বমানের আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী রূল, দেওয়ানী রিভিশন মোকদ্দমা ও তৎসংক্রান্ত আবেদনপত্র হইতে উদ্ভৃত সকল লয়াজিমা বিষয়; ২০০১ ইং সনের ১নং আইনের (শালিশী আইন ২০০১) ৪৮(ক)খ এবং গ ধারা মোতাবেক আপীল; ইউনিয়ন পরিষদ, পৌরসভা (বিশেষ দায়িত্ব) অধ্যাদেশ, ১৯৯৯ ইং আদেশ নং-৬, ১৯৯১- এর অধীন আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারে ১১ রূল অনুযায়ী আপীলসমূহ এবং উপরোক্তিত বিষয়াদি সংক্রান্ত রূল ও আবেদনপত্র।

**৭। বিচারপতি মোঃ মঈনুল ইসলাম চৌধুরী  
এবং**

**বিচারপতি কাজী রেজা-উল হক**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য চাকুরী সংক্রান্ত, শ্রম আদালত, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সংক্রান্ত এবং অর্থর্থণ আইন হইতে উদ্ভৃত সকল রীট মামলার শুনানী এবং উপরোক্তিত বিষয়াদি সংক্রান্ত রূল ও আবেদনপত্র গ্রহণ করিবেন।

**প্রধান বিচারপতি**

**বাংলাদেশ**

**তারিখঃ-২৬/০৯/২০১২ইং।**

প্রচারের জন্য ৪-

- ১। বিচারপতি মোহাম্মদ আনোয়ার উল হক
- ২। বিচারপতি মীর হাশমত আলী
- ৩। বিচারপতি মুহাম্মদ আবদুল হাফিজ
- ৪। বিচারপতি মোঃ আশফাকুল ইসলাম
- ৫। বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী
- ৬। বিচারপতি মোঃ রহিস উদ্দিন
- ৭। বিচারপতি মামনুন রহমান